

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
তালতলা, সাতক্ষীরা
E-mail-ddsatkhira@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.৮৭০০.০০০.৩৮.০৯০.২৩-২৫৫

তারিখ : ১০-১২-২০২৩ খ্রিঃ ।

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর,সাতক্ষীরা এ নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

নং	প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম	কোর্স ফি	শিক্ষাগত যোগ্যতা (নূনতম)	আবেদনের শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ	ভর্তির তারিখ ও ক্লাস শুরু
০১	কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন (অনাবাসিক) মেয়াদ -৬ মাস (০১ জানুয়ারী হতে ৩০ জুন/২০২৪) আসন সংখ্যা-৭০	১০০০/-	এইচ, এস, সি বা সমমান	২৫ ডিসেম্বর ২০২৩	২৬ ডিসেম্বর, ২০২৩ জেলা কার্যালয় সকাল ১০:০০ ঘটিকা	০১ জানুয়ারী ২০২৪ খ্রি.
০২	মর্ডান অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন (অনাবাসিক) মেয়াদ -৬ মাস (০১ জানুয়ারী হতে ৩০ জুন/২০২৪) আসন সংখ্যা-৪০	৫০০/-	এইচ, এস, সি বা সমমান	২৫ ডিসেম্বর ২০২৩	২৬ ডিসেম্বর, ২০২৩ জেলা কার্যালয় সকাল ১০:০০ ঘটিকা	০১ জানুয়ারী ২০২৪ খ্রি.
০৩	ইলেকট্রনিক্স (অনাবাসিক) মেয়াদ -৬ মাস (০১ জানুয়ারী হতে ৩০ জুন/২০২৪) আসন সংখ্যা-৩০	৩০০/-	অষ্টম শ্রেণী / সমমান পাশ	২৫ ডিসেম্বর ২০২৩	২৬ ডিসেম্বর, ২০২৩ জেলা কার্যালয় সকাল ১০:০০ ঘটিকা	০১ জানুয়ারী ২০২৪ খ্রি.
০৪	রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং (অনাবাসিক) মেয়াদ -৬ মাস (০১ জানুয়ারী হতে ৩০ জুন/২০২৪) আসন সংখ্যা-৩০	৩০০/-	অষ্টম শ্রেণী / সমমান পাশ	২৫ ডিসেম্বর ২০২৩	২৬ ডিসেম্বর, ২০২৩ জেলা কার্যালয় সকাল ১০:০০ ঘটিকা	০১ জানুয়ারী ২০২৪ খ্রি.
০৫	ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং(অনাবাসিক) মেয়াদ -৬ মাস (০১ জানুয়ারী হতে ৩০ জুন/২০২৪) আসন সংখ্যা-৩০	৩০০/-	অষ্টম শ্রেণী / সমমান পাশ	২৫ ডিসেম্বর ২০২৩	২৬ ডিসেম্বর, ২০২৩ জেলা কার্যালয় সকাল ১০:০০ ঘটিকা	০১ জানুয়ারী ২০২৪ খ্রি.

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি :

- স্বহস্তে লিখিত দরখাস্ত (০১) নাম(বাংলা ও ইংরেজী),(০২) পিতার নাম(বাংলা ও ইংরেজী),(০৩) মাতার নাম(বাংলা ও ইংরেজী),(০৪) জন্ম তারিখ,(০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স,(০৬) জাতীয়তা নম্বর(NID)(যদি থাকে) অথবা জন্ম সনদপত্র,(০৭) বর্তমান ঠিকানা,(০৮) স্থায়ী ঠিকানা,(০৯)শিক্ষাগত যোগ্যতা,(১০) ধর্ম,(১১) জেডার/লিঙ্গ,(১২) মোবাইল নম্বর(যদি থাকে),(১৩)বিকল্প যোগাযোগ নম্বর,(১৪) ইতিপূর্বে গৃহীত প্রশিক্ষণ ট্রেডের নাম (যদি থাকে),(১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬)ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে ।
- আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি,(খ) জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান /পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র,(গ) সাক্ষাৎকার ও মনোনয়ন কালে মূল সনদপত্রসহ সদ্য তোলা ০২কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে আনতে হবে ।
- নির্ধারিত আবেদন ফরম উপপরিচালকের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর,সাতক্ষীরা হতে বিনামূল্যে সরবরাহ করা হবে ।
- দলিত(সুইপার,ঋষি,ডোম)যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধী,অটিস্টিক ও হিজড়াদের জন্য ৫% কোটা সংরক্ষণসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত যুবদের কোর্স ফি ব্যতীত সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে ।
- যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং বিধবা,তালাকপ্রাপ্ত,দুস্থ,বেকার অবিবাহিত যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে ।
- প্রত্যেক প্রশিক্ষার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে ।
- বর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির সময় ভর্তি ফি (অফেরতযোগ্য) জমা দিতে হবে ।
- প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে ।
- সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে । এ জন্য কোন প্রকার টি.এ/ডি.এ.দেয়া হবে না ।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।
- ক্রম নং ০১) কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন বিষয়ক কোর্স ব্যাতিত সকল কোর্সের প্রশিক্ষার্থীগণ সরকারি বিধি মোতাবেক (বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে) উপস্থিতির ভিত্তিতে দৈনিক ১০০/- (একশত) টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হবেন ।
- ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষার্থীগণকে সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও ই- মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।
- আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গহণ করা হবে না।
- প্রত্যেক প্রশিক্ষার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- প্রশিক্ষণকালীন সকল নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।
- তাত্ত্বিক ক্লাসগুলো অনলাইন/সশরীরে এবং ব্যবহারিক ক্লাসগুলো বিভিন্ন গ্রুপে বিভক্ত করে প্রশিক্ষণ পরিচালনা করা হবে।
- ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না ।


(আশীষ কুমার মন্ডল)
উপপরিচালক

তারিখ : ১০/১২/২০২৩ খ্রিঃ ।

স্মারক নং-৩৪.০১.৮৭০০.০০০.৩৮.০৯০.২৩-২৫৫

অনুলিপি সদয় অবগতির জন্য

- পরিচালক(প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা ।
- জেলা প্রশাসক,সাতক্ষীরা ।
- ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র,সাতক্ষীরা ।
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর,সাতক্ষীরা ।
- অফিস কপি ।



(আশীষ কুমার মন্ডল)
উপপরিচালক